www.bdniyog.com

# যুদ্ধ ও বিপ্লব
# Battle & Revolution

## যুদ্ধ (Battle)

### Battle for Islam (ইসলামের যুদ্ধ)

| Name of the Battle<br>যুদ্ধের নাম | Hijri calendar<br>হিজরি পঞ্জিকা | Julian calendar<br>জুলিয়ান পঞ্জিকা |
|---|---|---|
| Battle of Badr (বদরের যুদ্ধ) | 2 AH | 624 AD |
| Battle of Uhud (ওহুদের যুদ্ধ) | 3 AH | 625 AD |
| Battle of the Trench (খন্দকের যুদ্ধ) | 5 AH | 627 AD |
| Battle of Khaybar (খায়বারের যুদ্ধ) | 8 AH | 629 AD |
| Conquest of Mecca (মক্কা বিজয়) | 8 AH | 630 AD |

### Crusade (ধর্মযুদ্ধ)

ক্রুসেড শব্দটি দ্বারা মূলত ধর্মীয় যুদ্ধ বোঝানো হয়। সাধারণভাবে বিশ্ব ইতিহাসে ক্রুসেড বলতে পবিত্র ভূমি অর্থাৎ জেরুজালেম এবং কন্সটান্টিনোপল এর অধিকার নেওয়ার জন্য ইউরোপের খ্রিষ্টানদের সম্মিলিত শক্তি মুসলমানদের বিরুদ্ধে ১০৯৬ থেকে ১২৯২ সাল পর্যন্ত যে যুদ্ধ অভিযান পরিচালনা করে সেগুলোকে বোঝায়।

BCS Spotlight

## MCQ Solution

১. বদরের যুদ্ধ সংঘটিত হয়- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (যমুনা) : ১২/ পরিবেশ অধিদপ্তরের সহ-পরিচালক (কারিগরি)]

ⓚ ৬২০ সালে ⓛ ৬২২ সালে
ⓜ ৬২৪ সালে ⓝ ৬২৬ সালে
উত্তর: গ

২. খন্দকের যুদ্ধ সংঘটিত হয়- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা) : ১২]

ⓚ ৬২৪ সালে ⓛ ৬২৫ সালে
ⓜ ৬২৮ সালে ⓝ ৬৩১ সালে
উত্তর:

ব্যাখ্যা : সঠিক উত্তর হবে – ৬২৭ সালে।

৩. ক্রুসেডের আনুমানিক সময়কাল কত? [জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (ইতিহাস বিভাগ) : ০৯-১০]

ⓚ ৮২৬-১০২৬ খ্রি: ⓛ ৮৯৬-১১২৬ খ্রি:
ⓜ ১০৯৬-১২৯২ খ্রি: ⓝ ১১২৬-১৩২৬ খ্রি
উত্তর: গ

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

www.bdniyog.com



## Battle of Waterloo (ওয়াটার লুর যুদ্ধ)

| | | |
|---|---|---|
| Date (তারিখ) | ১৮ জুন, ১৮১৫ | |
| Location (অবস্থান) | Waterloo, Belgium (ওয়াটার লু, বেলজিয়াম) | |
| Belligerents যুদ্ধরত পক্ষসমূহ | UK Led Seventh Coalition যুক্তরাজ্যের নেতৃত্বাধীন মিত্রবাহিনী | France ফ্রান্স |
| Commanders সেনাপতি |  Duke of Wellington (*UK*) ডিউক অব ওয়েলিংটন (যুক্তরাজ্য) |  Napoleon I (*France*) নেপোলিয়ন (ফ্রান্স) |
| Result (ফলাফল) | Coalition victory (মিত্রবাহিনীর বিজয়) | |

* ১৮১৫ সাল থেকে এখন অবধি কোনো যুদ্ধ করেনি সুইজারল্যান্ড।

## MCQ Solution

১. **বিখ্যাত যুদ্ধক্ষেত্র 'ওয়াটার লু' কোন দেশে অবস্থিত?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন অডিটর : ১৪/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ড্যাফোডিল) : ১২/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ-ইউনিট): ১১-১২ / মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের অধীন জুনিয়র অডিটর : ১১/ বহির্গমন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালক : ১১]

ⓚ সুইডেন ⓚ বেলজিয়াম
ⓖ ইংল্যান্ড ⓖ ইটালি **উত্তর: খ**

২. **কত সালে ওয়াটার লু যুদ্ধ সংঘটিত হয়?** [আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট : ১০/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (লোকপ্রশাসন বিভাগ) : ০২-০৩]

ⓚ ১৮১৫ সালে ⓚ ১৮২০ সালে
ⓖ ১৯১২ সালে ⓖ ১৯১৪ সালে **উত্তর: ক**

৩. **ওয়াটার লু'র যুদ্ধে বিজয়ী সেনাপতির নাম কি?** [দুর্নীতি দমন ব্যুরোর সহকারী পরিদর্শক : ০৪]

ⓚ লর্ড নেলসন ⓚ ডিউক অব ওয়েলিংটন
ⓖ নেপলিয়ান ⓖ জেনারেল আইসেন হাওয়ার **উত্তর: খ**

৪. **ওয়াটার লুর যুদ্ধে কে পরাজিত হন?** [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]

ⓚ রবার্ট ক্লাইভ ⓚ ম্যাকআর্থার
ⓖ ক্লিনটন ⓖ নেপোলিয়ন **উত্তর: ঘ**

৫. **Which country has not fought in a war since 1815?/ কোন দেশটি ১৮১৫ সাল থেকে অদ্যবধি কোন যুদ্ধ করেনি?** [General Insurance Officer : 06]

ⓐ Japan ⓑ Norway ⓒ Switzerland
ⓓ Sweden ⓔ Finland **Ans. c**

Download More PDF @ www.BDNiyog.com



Scanned by CamScanner

www.bdniyog.com



## World War I (প্রথম বিশ্বযুদ্ধ)

| | | | |
|---|---|---|---|
| সময়কাল | ২৮ জুলাই, ১৯১৪ থেকে ১১ নভেম্বর, ১৯১৮ | | |
| Background প্রেক্ষাপট | ১৯১৪ সালের ২৮ জুন বসনিয়ার রাজধানী সারায়েভো শহরে অস্ট্রিয়ার যুবরাজ ফার্ডিনান্ড এক সার্বীয়বাসীর গুলিতে নিহত হন। অস্ট্রিয়া এই হত্যাকাণ্ডের জন্য সার্বিয়াকে দায়ী করে সার্বিয়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে। এ যুদ্ধে দুই দেশের বন্ধু রাষ্ট্রগুলো ধীরে ধীরে জড়িয়ে পড়ে। | | |
| Belligerents যুদ্ধরত পক্ষ | Allied Powers (মিত্র শক্তি) | | Central Powers (কেন্দ্রীয়শক্তি) |
| | সার্বিয়া, রাশিয়া, ব্রিটেন, ফ্রান্স, জাপান, ইতালি এবং যুক্তরাষ্ট্র | | অস্ট্রিয়া, জার্মানি, হাঙ্গেরি এবং বুলগেরিয়া |
| Leaders নেতা |  হেনরি আসকুইথ (যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী) |  উড্রো উইলসন (মার্কিন প্রেসিডেন্ট) |  দ্বিতীয় উইলিয়াম (জার্মান সম্রাট) |
| Result (ফলাফল) | Allied victory (মিত্রশক্তির বিজয়) | | |

BCS Spotlight

### MCQ Solution

১. **প্রথম বিশ্বযুদ্ধের পূর্বে অস্ট্রিয়ার যুবরাজকে কোন শহরে হত্যা করা হয়েছিল?** [থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]
ⓚ গ্রাজ ⓛ সারায়েভো
ⓜ জাগরেব ⓝ সালজবুরগ **উত্তর: খ**

২. **কখন প্রথম বিশ্বযুদ্ধ শুরু হয়?** [বরিশাল বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১৪-১৫/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ক্যাডেলিয়া) : ১২/শ্রম পরিদপ্তরের জনসংখ্যা ও পরিবারকল্যাণ কর্মকর্তা : ০৯/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৬-০৭]
ⓚ ১৯১০ সালে ⓛ ১৯১২ সালে
ⓜ ১৯১৪ সালে ⓝ ১৯১৬ সালে **উত্তর: গ**

৩. **প্রথম বিশ্বযুদ্ধের অবসান হয়-** [মেডিকেল : ০৫-০৬/ মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক : ০০]
ⓚ ১৯১৪ সালের ১০ সেপ্টেম্বর ⓛ ১৯১৭ সালের ১৪ আগস্ট
ⓜ ১৯১৮ সালের ১১ নভেম্বর ⓝ ১৯২০ সালের ১৯ জুন **উত্তর: গ**

৪. **প্রথম বিশ্বযুদ্ধের ব্যাপ্তিকাল-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ব্যবস্থাপনা বিভাগ) : ০৮-০৯]
ⓚ ১৮১৪-১৮১৮ ⓛ ১৮৩৯-১৮৪৫
ⓜ ১৯১৪-১৯১৮ ⓝ ১৯৩৯-১৯৪৫ **উত্তর: গ**

৫. **প্রথম বিশ্বযুদ্ধের সময় আমেরিকার প্রেসিডেন্ট কে ছিলেন?** [জাতীয় সংসদ সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার : ০৬]
ⓚ রুজভেল্ট ⓛ লিংকন
ⓜ উড্রো উইলসন ⓝ আইসেন হাওয়ার **উত্তর: গ**

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner


www.bdniyog.com



## World War II (দ্বিতীয় বিশ্বযুদ্ধ)

| | |
|---|---|
| সময়কাল | ১ সেপ্টেম্বর ১৯৩৯ – ২ সেপ্টেম্বর ১৯৪৫ |
| **Background** প্রেক্ষাপট | ১৯৩৯ সালের ১ সেপ্টেম্বর জার্মানি পোল্যান্ড আক্রমণ করলে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সূচনা হয়। |

| Belligerents যুদ্ধরত পক্ষ | Allied Powers (মিত্র শক্তি) | Axis Powers (অক্ষ শক্তি) |
|---|---|---|
| | ব্রিটেন, ফ্রান্স, সোভিয়েত ইউনিয়ন, যুক্তরাষ্ট্র, চীন, পোল্যান্ড, বেলজিয়াম | জার্মানি, ইতালি এবং জাপান |

| Leaders Allied Powers মিত্র শক্তির নেতা | | | | |
|---|---|---|---|---|
| |  যোসেফ স্ট্যালিন (সোভিয়েত প্রেসিডেন্ট) |  উইনস্টোন চার্চিল (যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী) |  ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট (মার্কিন প্রেসিডেন্ট) |  হ্যারি এস ট্রুমান (মার্কিন প্রেসিডেন্ট) |
| | অধিনায়ক : জেনারেল আইসেনহাওয়ার | | | |

| Leaders Axis Powers অক্ষ শক্তির নেতা | | | |
|---|---|---|---|
| |  এডলফ হিটলার (জার্মান চ্যান্সেলর) |  বেনিতো মুসোলিনি (ইতালির প্রেসিডেন্ট) |  হিরোহিতো (জাপানের সম্রাট) |

| | |
|---|---|
| ঘটনাপ্রবাহ | 'ব্লিটসক্রিগ' বা 'বিদ্যুৎগতির যুদ্ধ' মতবাদের প্রতিফলিত হয় ফ্যাসিস্ট জার্মানির আগ্রাসন নীতি। এ ধারণা অনুসারে, বিজয় লাভ করা উচিত অল্প সময়ের মধ্যে - শত্রু কর্তৃক তার সশস্ত্র বাহিনী এবং সামরিক-অর্থনৈতিক ক্ষমতার পূর্ণ ব্যবহারের আগেই। এই রণনীতির কারণে জার্মানি চমকপ্রদ বিজয় লাভ করে দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রথম নয় মাসে নিজেদের অবস্থান দৃঢ় করে।<br>১০ জুন, ১৯৪০ খ্রি. অক্ষশক্তি (ইতালিয়ান ও জার্মান বাহিনী) ব্রিটিশ অধিভুক্ত উত্তর আফ্রিকা (মিশর) আক্রমণ করে। ১৯৪১ সালের ৭ ডিসেম্বর জাপান যুক্তরাষ্ট্রের পার্ল হারবার আক্রমণ করে। ফলে যুক্তরাষ্ট্র সরাসরি দ্বিতীয় বিশ্বযুদ্ধে জড়িয়ে পড়ে।<br>১৯৪৪ সালের ৬ জুন ইউরোপের মূল ভূখণ্ড জার্মান দখলমুক্ত করার জন্য মিত্রবাহিনীর বিপুল সংখ্যক সেনা ফ্রান্সের নরমান্ডিতে অবতরণ করে। এই দিনটি **D- Day** হিসাবে পালিত হয়। ১৯৪৫ সালের ৮ মে জার্মান নাৎসী বাহিনী মিত্রবাহিনীর কাছে নিঃশর্ত আত্মসমর্পণ করে। এই দিনটি **V-E Day** (*Victory over Europe Day*) হিসাবে উদযাপিত হয়। ১৯৪৫ সালের ৬ আগস্ট জাপানের হিরোশিমায় 'লিটল বয়' এবং ৯আগস্ট জাপানের নাগাসাকিতে 'ফ্যাটম্যান' নামে যুক্তরাষ্ট্র দুটি পারমাণবিক বোমা |

Download More PDF @ www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



| | |
|---|---|
| ঘটনাপ্রবাহ | নিক্ষেপ করে। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হেনরি ট্রুম্যান এই বোমা ফেলার নির্দেশ দেন। ১৯৪৫ সালের ১৫ আগস্ট জাপান আত্মসমর্পণের ঘোষণা দেয়। ১৯৪৫ সালের ২ সেপ্টেম্বর জাপান আনুষ্ঠানিকভাবে নিঃশর্ত আত্মসমর্পণ করলে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরিসমাপ্তি হয়। |
| Result (ফলাফল) | Allied victory (মিত্রশক্তির বিজয়)। |

## Nuremberg Trials (নুরেমবার্গ বিচার)

নুরেমবার্গ বিচার ১৯৪৫-৪৬ সালে জার্মানির নুরেমবার্গে অনুষ্ঠিত হওয়া কিছু বিচার প্রক্রিয়ার নাম। তখন ইন্টারন্যাশনাল মিলিটারি ট্রাইবুনাল নাৎসি বাহিনীর নেতাদের বিরুদ্ধে অভিযোগ গঠন করে এবং তাদের বিচার করে।

## The Diary of a Young Girl

অ্যানা ফ্রাঙ্ক রচিত ওলন্দাজ ভাষায় লিখিত একটি বিখ্যাত গ্রন্থ *The Diary of a Young Girl*। জার্মান নাৎসি বাহিনী নেদারল্যান্ড (পূর্বনাম হল্যান্ড) অভিযানের সময় লেখিকা ও তার পরিবার নেদারল্যান্ডের একটি বাড়িতে লুকিয়ে ছিলেন। বইটিতে অ্যানা ফ্রাংক তার ঐ সকল দিনলিপির বর্ণনা দিয়েছেন।

## MCQ Solution

১. **The immediate cause of world war II in Europe was -** [Shahjalal Islami Bank Ltd. Trainee Senior Officer : 11]
ⓐ the singing of the non-aggression pact between Germany and the USSR (জার্মানি এবং সোভিয়েত ইউনিয়নের মধ্যে অনাক্রমণ চুক্তি স্বাক্ষর)
ⓑ world wide depression (বিশ্বব্যাপি মন্দা)
ⓒ the invasion of Poland (পোল্যান্ডে আগ্রাসন)
ⓓ the provision of the Versailles treaty (ভার্সাই চুক্তির শর্তাবলী) **Ans. c**

২. **হিটলার কর্তৃক কোন দেশ আক্রমণ দ্বিতীয় মহাযুদ্ধের প্রত্যক্ষ কারণ?** [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন অডিটর : ১৪]
ⓚ অস্ট্রিয়া ⓚ চেকোশ্লোভাকিয়া
ⓖ রাশিয়া ⓖ পোল্যান্ড **উত্তর: ঘ**

৩. **দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়-** [দ্বাদশ বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৫/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (সুরমা) : ১২/ রাজশাহী বিশ্ববিদ্যালয় (গণযোগাযোগ) : ০৭-০৮/ পাসপোর্ট ও ইমিগ্রেশন অধিদপ্তরের সহকারী পরিচালক : ০৭/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ০৫/ ঢাকা বিশ্ববিদ্যালয় (ব ইউনিট) : ০৩-০৪]
ⓚ ১ সেপ্টেম্বর, ১৯৩৯ ⓚ ১ নভেম্বর, ১৯৪০
ⓖ ১ ডিসেম্বর, ১৯৩৭ ⓖ ১ অক্টোবর, ১৯৩৫ **উত্তর: ক**

৪. **দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় 'জাপান-জার্মানি ইতালি' এই তিন শক্তিকে একত্রে বলা হত-** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাষ্ট্রবিজ্ঞান বিভাগ) : ০৮-০৯]
ⓚ মিত্র শক্তি ⓚ অক্ষ শক্তি
ⓖ যুগ্ম শক্তি ⓖ অশ্ব শক্তি **উত্তর: খ**

Download More PDF @ www.BDNiyog.com

Scanned by CamScanner

www.bdniyog.com



৫. কোন দেশটি দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালে অক্ষশক্তি ছিল না? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০০-০১]
ⓚ জার্মান ⓚ ফ্রান্স
ⓖ ইতালি ⓖ জাপান উত্তর: খ

৬. দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় আমেরিকার প্রেসিডেন্ট ছিলেন - [দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক : ০৩]
ⓚ আইসেন হাওয়ার ⓚ জন এফ কেনেডি
ⓖ রুজভেল্ট ⓖ ট্রুম্যান উত্তর:গ,ঘ

৭. দ্বিতীয় বিশ্বযুদ্ধে মিত্র শক্তির অধিনায়ক কে ছিলেন? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বাতিল পরীক্ষা) : ০২]
ⓚ জেনারেল আইসেনহাওয়ার ⓚ লর্ড চার্চিল
ⓖ জেনারেল ম্যাক আর্থার ⓖ জর্জ ওয়াশিংটন উত্তর: ক

৮. দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় রাশিয়ার প্রেসিডেন্ট ছিলেন- [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক (ড্যাফোডিল) : ১২]
ⓚ স্টালিন ⓚ লেনিন
ⓖ রুজভেল্ট ⓖ হিটলার উত্তর: ক

৯. দ্বিতীয় মহাযুদ্ধের শুরুতে কে ব্রিটেনের প্রধানমন্ত্রী ছিলেন? [কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইনান্স- এর কার্যালয়ের অধীন অডিটর : ১৪/ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক : ১৩]
ⓚ এটলি ⓚ চার্চিল
ⓖ গ্লাডস্টোন ⓖ চেম্বারলেন উত্তর: খ

১০. হিটলারের সেনাবাহিনী কোন রণনীতির কারণে চমকপ্রদ বিজয় লাভ করে দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রথম নয় মাসে নিজেদের অবস্থান দৃঢ় করে? [স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কারা তত্ত্বাবধায়ক : ১০]
ⓚ ব্লিৎসক্রিগ রণনীতি ⓚ ম্যাজিনো লাইন দুর্ভেদ্যতা নীতি
ⓖ শত্রুকে ধোকায় রাখার রণনীতি ⓖ নৌ অবরোধ রণনীতি উত্তর: ক

১১. নিচের কোন সালে দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় ইতালিয়ান ও জার্মান বাহিনী ব্রিটিশ অধিভুক্ত উত্তর আফ্রিকা আক্রমণ করে? [মেডিকেল: ০৯-১০]
ⓚ ১৯৪২ ⓚ ১৯৪৩
ⓖ ১৯৪১ ⓖ ১৯৪০ উত্তর: ঘ

১২. দ্বিতীয় বিশ্বযুদ্ধে পার্ল হারবার আক্রমণ করেছিল কোন দেশ? [প্রাক- প্রাথমিক সহকারী শিক্ষক : ১৫/ ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা : ০৬]
ⓚ জার্মানি ⓚ জাপান
ⓖ রাশিয়া ⓖ ইতালি উত্তর: খ

১৩. জাপান পার্ল হারবার আক্রমণ করে- [১২তম বিসিএস/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (করতোয়া) : ১৩ / রাজশাহী বিশ্ববিদ্যালয় (ভূগোল ও পরিবেশ বিদ্যা বিভাগ) : ০৫-০৬/ দুর্নীতি দমন ব্যুরোর পরিদর্শক : ০৩/ ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা : ০৩]
ⓚ ৭ ডিসেম্বর, ১৯৪০ ⓚ ৭ ডিসেম্বর, ১৯৪১
ⓖ ৭ ডিসেম্বর, ১৯৪২ ⓖ ৭ ডিসেম্বর, ১৯৪৩ উত্তর: খ

১৪. **Peral Harbour, where the american Pacific Fleet was stationed, was attacked by Japanese in-/ জাপান যুক্তরাষ্ট্রের প্রশান্ত মহাসাগরীয় নৌবাহিনীর বন্দর পার্ল হারবার আক্রমণ করে-** [Shahjalal Islami Bank Trainee Ass. Officer: 04]
ⓚ 1939 ⓚ 1935
ⓖ 1944 ⓖ 1941 উত্তর: ঘ

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



১৫. দ্বিতীয় বিশ্বযুদ্ধে আমেরিকার অংশগ্রহণের প্রত্যক্ষ কারণ কি? [শ্রম অধিদপ্তরে অফিসার : ১৪]
ক) হিটলারের রাশিয়া আক্রমণ ⓑ জার্মানি কর্তৃক ফ্রান্স অধিকার
গ) জার্মানির ইংল্যান্ড আক্রমণ ঘ) পার্ল হারবারে বোমা বর্ষণ উত্তর: ঘ

১৬. **During the World War ll, which ethnic group was under severe oppression in the USA?** [Probashi Kallyan Bank Ltd. Officer (Cash) : 14]
ⓐ Indian American ⓑ Chinese American
ⓒ Japanese American ⓓ Latino **Ans: c**

১৭. **First Atom Bomb has dropped on-/ প্রথম পারমাণবিক বোমা ফেলা হয়েছিল-** [Bangladesh Commerce Bank Ltd. Officer : 06]
ⓐ Germany ⓑ Japan ⓒ Italy
ⓓ Austria ⓔ None of these **Ans. b**

১৮. **First Atom Bomb was dropped in-/ প্রথম পারমাণবিক বোমা ফেলা হয়েছিল-** [Pubali Bank Ltd. Junior Officer : 05]
ⓐ 1944 ⓑ 1945 ⓒ 1935
ⓓ 1942 ⓔ None of these **Ans. b**

১৯. হিরোশিমায় এটম বোমা ফেলা হয়েছিল- [১০ম বিসিএস/ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. সহকারী অফিসার (গ্রেড-৩) : ০৮]
ক) ১ সেপ্টেম্বর, ১৯৩৯ খ) ৭ মে, ১৯৪৫
গ) ৭ সেপ্টেম্বর, ১৯৪৫ ঘ) ৬ আগস্ট, ১৯৪৫ উত্তর: ঘ

২০. হিরোশিমায় নিক্ষিপ্ত আণবিক বোমার নাম- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]
ক) লিটল বয় খ) ডেস্ট্রয়ার
গ) স্কাড ঘ) প্যাট্রিয়ট উত্তর: ক

২১. জাপানের নাগাসাকিতে পারমাণবিক বোমা ফেলেছিল কোন দেশ? [ঢাকা বিশ্ববিদ্যালয় (চ-ইউনিট) : ১৪-১৫]
ক) জার্মানি খ) সোভিয়েত ইউনিয়ন
গ) চীন ঘ) মার্কিন যুক্তরাষ্ট্র উত্তর: ঘ

২২. নাগাসাকিতে পারমাণবিক হামলা করা হয়-[জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (আন্তর্জাতিক সম্পর্ক): ০৯-১০]
ক) ১৯৪৫ সালের ৯ আগস্ট খ) ১৯৪৫ সালের ৬ আগস্ট
গ) ১৯৪৫ সালের ৮ আগস্ট ঘ) ১৯৪৫ সালের ৭ আগস্ট উত্তর: ক

২৩. যুক্তরাষ্ট্রের তদানীন্তন প্রেসিডেন্ট যিনি জাপানে আণবিক বোমা ফেলার আদেশ দিয়েছিলেন- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]
ক) হ্যারি ট্রুম্যান খ) ফ্রাংকলিন রুজভেল্ট
গ) উড্রো উইলসন ঘ) ডুয়াইট আইসেনহাওয়ার উত্তর: ক

২৪. দ্বিতীয় মহাযুদ্ধে জার্মানি আত্মসমর্পণ করে- [১০ম বিসিএস]
ক) ১৯৪২ সালের নভেম্বর মাসে খ) ১৯৪৩ সালের ফেব্রুয়ারি মাসে
গ) ১৯৪৫ সালের মে মাসে ঘ) ১৯৪৫ সালের সেপ্টেম্বর মাসে উত্তর: গ

২৫. দ্বিতীয় মহাযুদ্ধে জাপান আত্মসমর্পণ করে- [সহকারী জজ : ০৮]
ক) মে, ১৯৪৫ খ) জুন, ১৯৪৫
গ) জুলাই, ১৯৪৫ ঘ) আগস্ট, ১৯৪৫ উত্তর: ঘ

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

www.bdniyog.com



২৬. **Which country surrendered unconditionally during the World War II?/ দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় কোন দেশ নিঃশর্ত আত্মসমর্পণ করে?** [Shahjalal Islami Bank Ltd. Trainee Officer: 13]
ⓐ Germany ⓑ France ⓒ Japan
ⓓ Austria ⓔ Britain **Ans. a, c**

২৭. **দ্বিতীয় বিশ্বযুদ্ধ শেষ হয়-** [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মেঘনা) : ০৮/ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬ / পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৪/ সাব-রেজিস্ট্রার : ০১/ থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৫]
ⓚ ১৯৪৪ সালের ১ সেপ্টেম্বর ⓚ ১৯৪৫ সালের ২ সেপ্টেম্বর
ⓖ ১৯৪৫ সালের ৯ আগস্ট ⓖ ১৯৪৫ সালের ৬ আগস্ট **উত্তর: খ**

২৮. **দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়কাল ছিল-** [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক : ৯৪]
ⓚ ১৯৪৪ থেকে ১৯৪৯ সাল ⓚ ১৯২৪ থেকে ১৯২৯ সাল
ⓖ ১৯৩৯ থেকে ১৯৪৫ সাল ⓖ ১৯২০ থেকে ১৯৩০ সাল **উত্তর: গ**

২৯. **The historical 'D-day' is related with-/ঐতিহাসিক 'D-day' কোন ঘটনার সাথে ঘটিত?** [Rajshahi Krishi Unnayan Bank. Officer : 14/ IFIC Bank Proationary Officer: 04]
ⓚ Gulf War ⓚ First world War
ⓖ Second world War ⓖ Iraq War **উত্তর: গ**

৩০. **দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর যুদ্ধাপরাধীদের বিচার করা হয়েছিল জার্মানির -** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঙ ইউনিট) : ০৩-০৪]
ⓚ বার্লিনে ⓚ ন্যুরেমবার্গে
ⓖ হাইডেলবার্গে ⓖ বনে **উত্তর: খ**

৩১. **Anne Frank wrote her world famous diary during second world war hiding in-/ দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় অ্যানা ফ্রাঙ্ক কোথায় লুকিয়ে থেকে তার বিখ্যাত ডায়েরি লিখেন?** [Agrani Bank Ltd. Senior Officer: 13]
ⓐ Germany ⓑ Holland ⓒ England
ⓓ Poland ⓔ Austria **Ans. b**

## Arab-Israeli War (আরব ইসরাইল যুদ্ধ)

| | |
|---|---|
| **প্রথম আরব ইসরাইল যুদ্ধ [First Arab-Israeli War]** | |
| সময়কাল | মে ১৯৪৮- মার্চ ১৯৪৯ |
| ফলাফল | ইসরাইল রাষ্ট্রের জন্ম হয়। |
| **দ্বিতীয় আরব ইসরাইল যুদ্ধ বা সুয়েজ সঙ্কট [Suez Crisis]** | |
| সময়কাল | ২৯ অক্টোবর-৬ নভেম্বর, ১৯৫৬ |
| পক্ষসমূহ | মিশর বনাম ইসরাইল-ফ্রান্স-ব্রিটেন |
| ফলাফল | মিশর সুয়েজখাল জাতীয়করণ করে। |
| **তৃতীয় আরব ইসরাইল যুদ্ধ [Third Arab-Israeli War/ Six Day War]** | |
| সময়কাল | ৫-১০ জুন, ১৯৬৭ |
| অন্য নাম | ছয় দিনের যুদ্ধ (Six Day War) |

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



| | |
|---|---|
| স্থান | মধ্যপ্রাচ্য |
| বিজয়ী | ইসরাইল |
| প্রতিপক্ষ | মিশর, সিরিয়া, জর্ডান, ইরাক |
| ফলাফল | ইসরাইল মিশরের গাজা এবং সিনাই উপদ্বীপ, সিরিয়ার গোলান মালভূমি, জর্ডানের পশ্চিম তীর (পূর্ব জেরুজালেমসহ) দখল করে নেয়। |
| চতুর্থ আরব-ইসরাইল যুদ্ধ [Fourth Arab-Israeli War] | |
| সময়কাল | ৬-২৬ অক্টোবর ১৯৭৩ |
| বিজয়ী | ইসরাইল |
| ফলাফল | আরব-ইসরাইল যুদ্ধে যুক্তরাষ্ট্র ইসরাইলকে সহায়তা করে। এজন্য আরবদেশগুলো ১৯৭৩ সালের অক্টোবর মাসে যুক্তরাষ্ট্রসহ ইসরাইলের অন্যান্য সহযোগী দেশে তেল রপ্তানির উপর নিষেধজ্ঞা আরোপ করে। এতে তেলের মূল্য দ্রুত বৃদ্ধি পেতে থাকে। যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় ইসরাইল সিনাই উপত্যকা এবং গোলান মালভূমি থেকে সৈন্য প্রত্যাহারের অঙ্গীকার করলে ওপেক ১৯৭৪ সালের মার্চ মাসে তেল নিষেধাজ্ঞা উঠিয়ে নেয়। |

## 1973 Oil Crisis (১৯৭৩ এর তেল সংকট)

১৯৭৩ সালের ১৭ অক্টোবর তেল সংকটের সূচনা হয়। এই দিন তেল রপ্তানিকারক দেশগুলোর সংগঠন ওপেক আরব-ইসরায়েল যুদ্ধের প্রতিক্রিয়া হিসেবে ঘোষণা করে যে, ইসরায়েলকে সমর্থনকারী কোনো দেশে তারা তেল সরবরাহ করবেনা। ওপেকের অধিকাংশ সদস্য ছিল আরব রাষ্ট্র। এই ঘোষণার পরিপ্রেক্ষিতে মার্কিন যুক্তরাষ্ট্র, পশ্চিম ইউরোপ এবং জাপানে তেল সরবরাহ বন্ধ হয়ে যায়। খনিজ তেলের উপর শিল্পোন্নত দেশসমূহের নির্ভরতার সুযোগে ওপেকের সদস্য রাষ্ট্ররা একচেটিয়াভাবে তেলের দাম বাড়িয়ে দেয়। ফলে পশ্চিমা বিশ্বের অর্থনীতিতে সংকটের সূচনা হয়।

## MCQ Solution

১. ১৯৬৭ সালের আরব-ইসরাইল যুদ্ধের স্থায়িত্ব ছিল কতদিন? [আবাসন পরিদপ্তরের সহকারী পরিচালক : ০৬/ আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল এ্যাডজুটেন্ট :-০৫]

ⓚ ৩ দিন ⓛ ৪ দিন
ⓖ ৫ দিন ⓜ ৬ দিন
উত্তর: ঘ

২. ইসরাইল কত সালে পূর্ব জেরুজালেম দখল করেছিল? [২৩তম বিসিএস]

ⓚ ১৯৪৮ সালে ⓛ ১৯৬০ সালে
ⓖ ১৯৬৭ সালে ⓜ ১৯৭৩ সালে
উত্তর: গ

৩. ছয় দিনের যুদ্ধ যে সনে সংঘটিত হয়? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৭-০৮]

ⓚ ১৯৫৬ ⓛ ১৯৬৭
ⓖ ১৯৭৩ ⓜ ১৯৮২
উত্তর: খ

৪. কোন বিতর্কিত ভূমি সিরিয়া ও ইসরাইলের মধ্যে অবস্থিত? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০১-০২]

ⓚ গাজা ⓛ পশ্চিমতীর
ⓖ ব্যেকা উপত্যকা ⓜ গোলান মালভূমি
উত্তর: ঘ

Download More PDF @ www.BDNiyog.com

Scanned by CamScanner

www.bdniyog.com



৫. Golan Heights is a cause of discord between which two countries? [RAKUB Senior Officer : 10]
Or,
গোলান মালভূমি কোন দুই দেশের মধ্যে সংঘাতের কারণ? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯]

ⓐ Egypt and Israel ⓑ Jordan and Israel
ⓒ Syria and Israel ⓓ Russia and Georgia
ⓔ India and Pakistan

**Ans. c**

৬. মধ্যপ্রাচ্যে কখন প্রথম তেলঅস্ত্র ব্যবহার করা হয়েছিল? [২৫ তম বিসিএস]

ⓚ ১৯৭৩ সালে ⓚ ১৯৮১ সালে
ⓖ ১৯৯১ সালে ⓖ ২০০৩ সালে

**উত্তর: ক**

৭. আরব দেশসমূহ পাশ্চাত্যের উপর প্রথম তেল অবরোধ করে- [১৭তম বিসিএস]

ⓚ ১৯৭০ সালে ⓚ ১৯৭৩ সালে
ⓖ ১৯৭৪ সালে ⓖ ১৯৭৮ সালে

**উত্তর: খ**

## Falkland's War (ফকল্যান্ড যুদ্ধ)

| | |
|---|---|
| সময়কাল | ২ এপ্রিল, ১৯৮২ - ১৪ জুন, ১৯৮২ |
| পক্ষসমূহ | ব্রিটেন - আর্জেন্টিনা |
| স্থান | ফকল্যান্ড দ্বীপ, দক্ষিণ আটলান্টিক মহাসাগর |
| ঘটনাপ্রবাহ | ফকল্যান্ড দ্বীপপুঞ্জ দক্ষিণ আটলান্টিক মহাসাগরে অবস্থিত ব্রিটিশ উপনিবেশ। ফকল্যান্ড দ্বীপগুলি আর্জেন্টিনার পূর্ব উপকূলের কাছে হওয়ায় আর্জেন্টিনা দ্বীপগুলোকে নিজেদের বলে দাবি করে। ১৯৮২ সালের আর্জেন্টিনা ব্রিটেনের কাছ থেকে ফকল্যান্ড দ্বীপগুলি দখল করে নেয় কিন্তু ব্রিটেন প্রতি-আক্রমণ করলে আর্জেন্টিনা শোচনীয়ভাবে পরাজিত হয়। |

## শতবর্ষব্যাপী যুদ্ধ [Hundred Years' War]

| | |
|---|---|
| সময়কাল | ১৩৩৭-১৪৫৩ |
| স্থান | ফ্রান্স |
| প্রেক্ষাপট | ইংল্যান্ডের রাজা তৃতীয় এডওয়ার্ড ফ্রান্সের সিংহাসন দাবি করলে এই যুদ্ধ শুরু হয়। |
| বিজয়ী | ফ্রান্স |
| বিপক্ষশক্তি | ব্রিটেন |

## সপ্তবর্ষব্যাপী যুদ্ধ [Seven Years' War]

| | |
|---|---|
| সময়কাল | ১৭৫৬-১৭৬৩ |
| স্থান | ফ্রান্স (জোয়ান অব আর্ক) |
| বিজয়ী | প্রুসিয়া, গ্রেট ব্রিটেন, হ্যানোভার, পর্তুগাল |
| বিপক্ষশক্তি | ফ্রান্স, রাশিয়া, স্পেন, সুইডেন |

Download More PDF @
www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

www.bdniyog.com



## ট্রাফালগারের যুদ্ধ [Battle of Trafalgar]

| | |
|---|---|
| সময়কাল | ২১ অক্টোবর, ১৮০৫ |
| স্থান | কেপ ট্রাফালগার, স্পেন |
| বিজয়ী | ব্রিটেন |
| বিপক্ষশক্তি | ফ্রান্স ও স্পেন |

## প্রথম আফিমের যুদ্ধ [First Opium War/ First China War]

| | |
|---|---|
| সময়কাল | ১৮৩৯-১৮৪২ |
| স্থান | চীন |
| বিজয়ী | ব্রিটেন |
| বিপক্ষশক্তি | চীন |
| ফলাফল | চীন হংকং দ্বীপটি যুক্তরাজ্যের নিকট লীজ দিতে বাধ্য হয়। |

## ক্রিমিয়ার যুদ্ধ [Crimean War]

| | |
|---|---|
| সময়কাল | ১৮৫৩-১৮৫৬ |
| স্থান | ক্রিমিয়া, ইউক্রেন |
| বিজয়ী | ফ্রান্স, ব্রিটেন, অটোমান রাজ্য |
| বিপক্ষশক্তি | রাশিয়া, বুলগেরিয়া |

## MCQ Solution

১. **ফকল্যান্ড কোন দেশের উপনিবেশ?** [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০১-০২]
ⓚ স্পেন ⓚ আর্জেন্টিনা
ⓖ পর্তুগাল ⓖ ইংল্যান্ড **উত্তর: ঘ**

২. **আর্জেন্টিনা কত সালে ফকল্যান্ড দখল করে নিয়েছিল?** [ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা : ০৬/ পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা : ০৬]
ⓚ ১৯৮১ সালে ⓚ ১৯৮২ সালে
ⓖ ১৯৮৫ সালে ⓖ ১৯৮৬ সালে **উত্তর: খ**

৩. **ইংল্যান্ড ও আর্জেন্টিনার মধ্যে 'ফকল্যান্ড' নিয়ে যুদ্ধ হয় কত সালে?** [পরিবেশ অধিদপ্তরের সহ-পরিচালক (কারিগরি) : ০৭/ সমাজসেবা অধিদপ্তরের সমাজসেবা অফিসার : ০৬/ জাতীয় সংসদে সচিবালয়ে সহকারী গবেষণা অফিসার : ০৬]
ⓚ ১৯৮০ ⓚ ১৯৮১
ⓖ ১৯৮২ ⓖ ১৯৮৩ **উত্তর: গ**

৪. **কোন দুটি দেশের মধ্যে 'শতবর্ষ যুদ্ধ' ঘটেছিল?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট জোড়) : ১৩-১৪]
ⓚ ফ্রান্স ও জার্মানি ⓚ ইংল্যান্ড ও জার্মানি
ⓖ ফ্রান্স ও ইংল্যান্ড ⓖ ফ্রান্স ও ইতালি **উত্তর: গ**

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

www.bdniyog.com



৫. ট্রাফালগার যুদ্ধে কোন দেশ জয় লাভ করে? [রাজশাহী বিশ্ববিদ্যালয় (ক ইউনিট) : ১৩-১৪]
ⓚ ফ্রান্স ⓚ স্পেন
ⓖ ইতালি ⓖ ইংল্যান্ড
উত্তর: ঘ

৬. যে দুটো দেশের মধ্যে আফিম যুদ্ধ (Opium War) সংঘটিত হয়েছিল? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ-ইউনিট): ১২-১৩/ জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৭-০৮]
ⓚ চীন ও যুক্তরাজ্য ⓚ চীন ও মার্কিন যুক্তরাষ্ট্র
ⓖ চীন ও রাশিয়া ⓖ চীন ও ফ্রান্স
উত্তর: ক

৭. First China War was fought between — / প্রথম চীন যুদ্ধে কোন দুই প্রতিপক্ষের মধ্যে সংগঠিত হয়– [Janata Bank Ltd. Executive Officer (Teller) : 15]
ⓐ China and France ⓑ China and Britain
ⓒ China and Egypt ⓓ China and Greek
Ans. b

৮. ভার্সেলিসের যুদ্ধে কারা জয়ী হয়? [শ্রম অধিদপ্তরের রেজিষ্ট্রার : ০০]
ⓚ ফ্রান্স ⓚ ইংল্যান্ড
ⓖ আমেরিকা ⓖ পর্তুগিজ
উত্তর: ক

## যুদ্ধ সংক্রান্ত বিভিন্ন চুক্তি

### প্যারিস প্যাক্ট (Pact of Paris)

| | |
|---|---|
| স্থান | প্যারিস, ফ্রান্স |
| স্বাক্ষরকাল | ২৭ আগস্ট, ১৯২৮ |
| বিষয়বস্তু | আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে শক্তি প্রয়োগ নিষিদ্ধকরণ |

BCS Spotlight

### প্যারিস শান্তি চুক্তি, ১৯৭৩ (The Paris Peace Accords of 1973)

| | |
|---|---|
| স্থান | প্যারিস, ফ্রান্স |
| স্বাক্ষরকাল | ২৭ জানুয়ারি, ১৯৭৩ |
| ফলাফল | ভিয়েতনাম যুদ্ধের অবসান |

### জীবাণু অস্ত্র সংক্রান্ত চুক্তি (Biological Weapons Convention)

| | |
|---|---|
| স্বাক্ষরের জন্য উন্মুক্ত হয় | ১০ এপ্রিল, ১৯৭২ |
| কার্যকর হয় | ২৬ মার্চ, ১৯৭৫ |
| স্বাক্ষর করেনি | ইসরাইল, ক্যামেরুন, অ্যাঙ্গোলা, অ্যান্ডোরা, চাঁদ, ইরিত্রিয়া প্রভৃতি |
| বিষয়বস্তু | সব ধরনের জীবাণু ও বিষাক্ত অস্ত্রের উন্নয়ন, উৎপাদন, মজুদ নিষিদ্ধকরণ এবং ধ্বংস সাধন |

Download More PDF @
www.BDNiyog.com
Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight
Scanned by CamScanner

www.bdniyog.com



## রাসায়নিক অস্ত্র সংক্রান্ত চুক্তি (Chemical Weapons Convention)

| | |
|---|---|
| খসড়া চূড়ান্ত করা হয় | ৩ সেপ্টেম্বর, ১৯৯২ |
| স্বাক্ষরের জন্য উন্মুক্ত হয় | ১৩ জানুয়ারি, ১৯৯৩ |
| কার্যকর হয় | ২৭ এপ্রিল, ১৯৯৭ |
| স্বাক্ষর করেনি | অ্যাঙ্গোলা, মিশর, উত্তর কোরিয়া, সোমালিয়া এবং সিরিয়া |
| বিষয়বস্তু | সব ধরনের রাসায়নিক অস্ত্রের মজুদ ও উৎপাদন নিষিদ্ধ করা ও হস্তান্তর নিষিদ্ধকরণ |

## স্থলমাইন নিষিদ্ধকরণ চুক্তি (Mine Ban Treaty)

| | |
|---|---|
| অন্য নাম | অটোয়া চুক্তি (Ottawa Treaty) |
| স্থান | অটোয়া, অন্টারিও, কানাডা |
| স্বাক্ষরকাল | ৩ ডিসেম্বর, ১৯৯৭ |
| কার্যকর হয় | ১ মার্চ, ১৯৯৯ |
| স্বাক্ষর করেনি | চীন, যুক্তরাষ্ট্র, রাশিয়া, ভারত, পাকিস্তান, উত্তর কোরিয়া, দক্ষিণ কোরিয়া, ইরান, ইসরাইল |
| বিষয়বস্তু | স্থলমাইন ব্যবহার, মজুদ, উৎপাদন ও হস্তান্তর নিষিদ্ধকরণ |

## New Strategic Arms Reduction Treaty (New START)

| | |
|---|---|
| স্বাক্ষরকাল | ৮ এপ্রিল, ২০১০; চেক প্রজাতন্ত্রের রাজধানী প্রাগে |
| পক্ষসমূহ | যুক্তরাষ্ট্র ও রাশিয়া |
| বিষয়বস্তু | কৌশলগত অস্ত্রহ্রাস সংক্রান্ত চুক্তি |

## Non-Proliferation Treaty (NPT)

| | |
|---|---|
| স্বাক্ষর | ১ জুলাই, ১৯৬৮ |
| কার্যকর হয় | ৫ মার্চ, ১৯৭০ |
| স্থান | নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র |
| উদ্দেশ্য | পারমাণবিক অস্ত্রের প্রসার রোধ |
| যে সকল দেশ স্বাক্ষর করেনি | ভারত, পাকিস্তান, ইসরায়েল এবং দক্ষিণ সুদান |
| যে দেশ নিজেকে প্রত্যাহার করে নিয়েছে | উত্তর কোরিয়া (২০০৩ সালে) |

Download More PDF @
www.BDNiyog.com

Scanned by CamScanner

www.bdniyog.com



## সমন্বিত পারমাণবিক পরীক্ষা নিষিদ্ধকরণ চুক্তি
## Comprehensive Nuclear-Test-Ban Treaty (CTBT)

| | |
|---|---|
| স্বাক্ষর | 10 September, 1996 |
| স্থান | নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র |
| উদ্দেশ্য | সামরিক-বেসামরিক সকল পারমাণবিক পরীক্ষা নিষিদ্ধকরণ |
| Note | বাংলাদেশ ১৯৯৬ সালের ২৪ অক্টোবর চুক্তিটি স্বাক্ষর করে এবং ২০০০ সালের ৮ মার্চ চুক্তিটি অনুমোদন করে |
| যে সকল গুরুত্বপূর্ণ দেশ স্বাক্ষর করেনি | ভারত, পাকিস্তান ও উত্তর কোরিয়া |

## MCQ Solution

১. আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে শক্তি প্রয়োগ নিষিদ্ধকারী 'প্যারিস প্যাক্ট' স্বাক্ষরিত হয় – [২৪তম বিসিএস / জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ১৩-১৪]
ⓚ ১৯২৭ সনের ১২ আগস্ট ⓚ ১৯২৮ সনের ২৭ আগস্ট
ⓖ ১৯২৮ সনের ৩ নভেম্বর ⓖ ১৯২৯ সনের ৫ জানুয়ারি **উত্তর: খ**

২. ভূমি মাইন চুক্তি কোথায় স্বাক্ষরিত হয়েছিল? [আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহকারী সচিব : ০৬]
ⓚ লন্ডন ⓚ নিউইয়র্ক
ⓖ অটোয়া ⓖ রোম **উত্তর: গ**

৩. ভূমি মাইন নিষিদ্ধ করার জন্য স্বাক্ষরিত চুক্তি – [ঢাকা বিশ্ববিদ্যালয়, (খ ইউনিট) : ০৫-০৬]
ⓚ সিটিবিটি ⓚ কিয়োটো চুক্তি
ⓖ রোম চুক্তি ⓖ অটোয়া চুক্তি **উত্তর: ঘ**

৪. নিচের কোন রাষ্ট্রটি স্থলমাইন নিষেধ সংক্রান্ত চুক্তি সই করেনি? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০১-০২]
ⓚ যুক্তরাজ্য ⓚ যুক্তরাষ্ট্র
ⓖ বাংলাদেশ ⓖ দক্ষিণ আফ্রিকা **উত্তর: খ**

৫. রাসায়নিক অস্ত্র চুক্তি (Chemical Weapons Convention) কোন সালে স্বাক্ষরিত হয়? [২৭তম বিসিএস]
ⓚ ১৯৯০ ⓚ ১৯৯৩
ⓖ ১৯৯৬ ⓖ ১৯৯৯ **উত্তর: খ**

৬. নিরস্ত্রীকরণ ও অস্ত্র নিয়ন্ত্রণের পার্থক্য- [গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের থানা প্রকৌশলী (সিভিল ইঞ্জিনিয়ার) : ৯৯]
ⓚ সব অস্ত্র ধ্বংস ও প্রতিযোগিতার মাত্রা নিয়ন্ত্রণ
ⓚ অস্ত্র কমাবার প্রক্রিয়া ও আলোচনা
ⓖ আণবিক যুদ্ধ পরিহার ও ধাপে ধাপে সে পথে অগ্রসর হওয়া
ⓖ সামরিক বাহিনীগুলোর অস্ত্র সংকোচন **উত্তর: ক**

৭. WMD-এর পূর্ণ অভিব্যক্তি- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৮-০৯/চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৩-০৪]
ⓚ War of Mass Destruction ⓚ Water Management Department
ⓖ Weapons of Mass Destruction ⓖ Weather and Meteorological Division **উত্তর: গ**

৮. WMD কী নির্দেশ করে? [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]
ⓚ নারী অধিকার আন্দোলন ⓚ নারী-পুরুষ সমানাধিকার ⓖ লেখকস্বত্ব
ⓖ গণবিধ্বংসী অস্ত্র ⓤ বিশ্ব মাতৃ দিবস **উত্তর: ঘ**

Download More PDF @ www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

www.bdniyog.com



৯. NMD-র পূর্ণরূপ কি? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]
ⓚ Natural Mineral Deposit ⓚ National Missile Defence
ⓖ National Monetory Devaluation ⓖ Natural Mutual Defence উত্তর: খ

১০. পারমাণবিক অস্ত্র সম্প্রসারণ বিরোধী চুক্তি (NPT) কোন সালে স্বাক্ষরিত হয়- [রাজশাহী বিশ্ববিদ্যালয় (সমাজকর্ম বিভাগ) : ০৩-০৪/ থানা সহকারী শিক্ষা অফিসার : ৯৯]
ⓚ ১৯৬৩ ⓚ ১৯৬৭
ⓖ ১৯৬৮ ⓖ ১৯৭০ উত্তর: গ

১১. পারমাণবিক অস্ত্র প্রসার রোধ সংক্রান্ত চুক্তি এনপিটি এর স্বাক্ষরকারী নয় – [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬]
ⓚ চীন ⓚ বাংলাদেশ
ⓖ ভারত ⓖ ফ্রান্স উত্তর: গ

১২. কোন চুক্তিটি ভারত ও পাকিস্তান স্বাক্ষর করেনি? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৯-১০]
ⓚ এনপিটি ⓚ রিও চুক্তি
ⓖ স্টার্ট-১ ⓖ স্টার্ট-২ উত্তর: ক

১৩. কোন রাষ্ট্রটি পরমাণু অস্ত্র বিস্তাররোধ চুক্তি স্বাক্ষর করেনি? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ১১-১২]
ⓚ যুক্তরাষ্ট্র ⓚ চীন
ⓖ ভারত ⓖ রাশিয়া উত্তর: গ

১৪. কোন আন্তর্জাতিক চুক্তি থেকে উত্তর কোরিয়া নিজেকে প্রত্যাহার করেছে? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০২-০৩]
ⓚ ডব্লিউটিও ⓚ এনপিটি
ⓖ সিটিবিটি ⓖ আইসিসি উত্তর: খ

১৫. CTBT দ্বারা কি বোঝায়? [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৫-০৬/ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সাইফার অফিসার : ৯৯/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯৯]
ⓚ Centre for Training of British Teachers
ⓚ Comprehensive Training of British Traders
ⓖ Comprehensive Test Ban Treaty
ⓖ Computer Training in Banking and Trading উত্তর: গ

১৬. সি.টি.বি.টি কি উদ্দেশ্যে স্বাক্ষরিত হয়েছিল? [ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৩-০৪]
ⓚ পরিবেশ সংরক্ষণ ⓚ পারমাণবিক অস্ত্র পরীক্ষা নিষিদ্ধকরণ
ⓖ মুক্ত বাণিজ্য ⓖ শিশু পাচার রোধ উত্তর: খ

১৭. কোন চুক্তিতে পারমাণবিক পরীক্ষা বন্ধ হওয়ার কথা বলা হয়েছে? [২১তম বিসিএস/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (বরিশাল বিভাগ) : ০৭/ থানা নির্বাচন অফিসার : ০৪]
ⓚ ন্যাটো (NATO) ⓚ সিটিবিটি (CTBT)
ⓖ এনপিটি (NPT) ⓖ সল্ট (SALT) উত্তর: খ

১৮. **Which of the following treaty is associated with nuclear test explosion?/ নিচের কোন চুক্তিটি পারমাণবিক পরীক্ষা সম্পর্কিত?** [Trust Bank Ltd. Asst. Executive Officer : 10]
ⓐ CEDAW ⓑ CTBT ⓒ GATT
ⓓ DPT ⓔ None of these **Ans. b**

Download More PDF @
www.BDNiyog.com

BCS Spotlight

Scanned by CamScanner

www.bdniyog.com



১৯. Which of the following is not related to disarmament?/ নিচের কোনটি নিরস্ত্রীকরণের সাথে সম্পর্কিত নয়? [IFIC Bank Ltd. MTO: 13]

ⓐ SALT ⓑ NPT ⓒ NATO
ⓓ CTBT ⓔ None of these **Ans. c**

২০. কোনটি নিরস্ত্রীকরণের সঙ্গে সম্পৃক্ত নয়? [৩৭তম বিসিএস]

ⓚ NATO ⓚ SALT
ⓖ NPT ⓖ CTBT **উত্তর: ক**

ব্যাখ্যা: ন্যাটো (North Atlantic Treaty Organisation- NATO) ১৯৪৯ সালে প্রতিষ্ঠিত একটি সামরিক সহযোগিতা জোট। Strategic Arms Limitation Talks (SALT) স্নায়ুযুদ্ধকালীন বিশ্বের দুই পরাশক্তির (যুক্তরাষ্ট্র এবং সোভিয়েত ইউনিয়ন) মধ্যে স্বাক্ষরিত নিরস্ত্রীকরণ সংক্রান্ত চুক্তি। Non-Proliferation Treaty (NPT) পারমাণবিক অস্ত্র প্রসার রোধের উদ্দেশ্যে একটি চুক্তিপত্র। Comprehensive Nuclear-Test-Ban Treaty (CTBT) সামরিক এবং বেসামরিক ক্ষেত্রে যাবতীয় পারমাণবিক পরীক্ষার ওপর নিষেধাজ্ঞা জারি করেছে।

## Operation (অপারেশন)

| নাম | বর্ণনা |
|---|---|
| অপারেশন ডেজার্ট শিল্ড Operation Desert Shield | ১৯৯০ সালে সম্ভাব্য ইরাকি আগ্রাসন প্রতিরোধে সৌদি আরবে বহুজাতিক বাহিনী মোতায়েন করা হয়। |
| অপারেশন ডিফেনসিভ শিল্ড Operation Defensive Shield | ২০০২ সালে ইসরাইলের সামরিক বাহিনী কর্তৃক পশ্চিম তীরে ফিলিস্তিনিদের বিরুদ্ধে পরিচালিত অভিযান। |
| অপারেশন এনডুরিং ফ্রিডম Operation Enduring Freedom | সন্ত্রাস বিরোধী যুদ্ধের অংশ হিসাবে ২০০১ সালে আফগানিস্তানে পরিচালিত মার্কিন অভিযান। |
| অপারেশন জেরোনিমো Operation Geronimo | ওসামা বিন লাদেনকে হত্যা অভিযানের সাংকেতিক নাম। |
| অপারেশন ওডিসি ডন Operation Odyssey Dawn | পশ্চিমা বিশ্বের যৌথবাহিনী কর্তৃক লিবিয়ায় পরিচালিত সামরিক অভিযান। ১৯ মার্চ, ২০১১ যৌথবাহিনী এ অভিযান শুরু করে। |

### ইমবেডেড জার্নালিজম

যুদ্ধের সময় সামরিক বাহিনীর সাথে সংযুক্ত সাংবাদিকদের দলকে 'Embedded journalism' বলে। ২০০৩ সালে দ্বিতীয় উপসাগরীয় যুদ্ধের সময় এই শব্দটি বহুলভাবে ব্যবহৃত হয়।

## MCQ Solution

১. Operation Defensive Shield কাদের বিরুদ্ধে পরিচালিত হয়েছিল? [জগন্নাথ বিশ্ববিদ্যালয় (খ ইউনিট) : ০৫-০৬]

ⓚ ফিলিস্তিনি ⓚ ইরাকি
ⓖ আফগান ⓖ কাশ্মীরি **উত্তর: ক**

Download More PDF @ www.BDNiyog.com

Collected by : Mohammad Ruhul Kabir Reza Edited by : Ajgar Ali Copyright : https://www.facebook.com/groups/bcsspotlight

Scanned by CamScanner

www.bdniyog.com



২. আফগানিস্তানের সন্ত্রাসবিরোধী অভিযান-- [ঢাকা বিশ্ববিদ্যালয় (ঘ ইউনিট) : ০৬-০৭/ তথ্য মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (গ্রেড-২) : ০৩]

ⓚ অপারেশন এনডুরিং ফ্রিডম ⓛ অপারেশন ডেজার্ট স্টর্ম
ⓜ অপারেশন সার্চ লাইট ⓝ অপারেশন রেস্টোর হোপ **উত্তর: ক**

# বিপ্লব (Revolution)

## Velvet Revolution (ভালভেট বিপ্লব)

১৬ নভেম্বর- ১৯ ডিসেম্বর, ১৯৮৯ সালে সাবেক চেকোশ্লাভাকিয়ায় সংঘটিত অহিংস সমাজতন্ত্র বিরোধী রাজনৈতিক আন্দোলন ভালভেট বিপ্লব নামে পরিচিত। এই বিপ্লবের ফলে চেকোশ্লাভাকিয়ায় একদলীয় কমুনিস্ট শাসনের অবসান হয়। এই বিপ্লবকে Gentle Revolution ও বলা হয়।

## Orange Revolution (অরেঞ্জ বিপ্লব)

২০০৪ সালে ইউক্রেনের প্রেসিডেন্ট নির্বাচনে ব্যাপক অনিয়ম এবং ভোট কারচুপি হয়। এর পরিপ্রেক্ষিতে ২০০৪ সালের নভেম্বর থেকে ২০০৫ সালের জানুয়ারি পর্যন্ত ইউক্রেনে সংঘটিত রাজনৈতিক আন্দোলন 'অরেঞ্জ বিপ্লব' নামে পরিচিত।

## Green Revolution (সবুজ বিপ্লব)



নরম্যান বোরলাউগ

বিংশ শতাব্দীর চল্লিশের দশক থেকে ষাট এর দশকের শেষভাগ পর্যন্ত কৃষি বিষয়ক গবেষণা, উন্নয়ন, প্রযুক্তিগত আমূল পরিবর্তন সাধিত হয়। উচ্চফলনশীল জাতের বীজের ব্যবহার, কৃত্রিম সার ও কীটনাশক প্রয়োগ প্রভৃতি কারণে কৃষি উৎপাদন ব্যাপকভাবে বৃদ্ধি পায়। কৃষির এই আমূল পরিবর্তন 'সবুজ বিপ্লব' নামে পরিচিত। বিখ্যাত মার্কিন কৃষিবিজ্ঞানী নরম্যান বোরলাউগকে সবুজ বিপ্লবের জনক বলা হয়।

## MCQ Solution

১. 'Velvet Revolution' কি? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা : ০৬]

ⓚ Velvet সামগ্রীর উৎপাদন ⓛ সাবেক চেকোশ্লাভাকিয়ার সমাজতন্ত্র বিরোধী আন্দোলন
ⓜ গর্বাচেভের কর্মসূচি ⓝ এর কোন অস্তিত্ব নেই **উত্তর: খ**

২. "অরেঞ্জ রেভুলেশন" কোথায় সংঘটিত হয়েছে? [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এডমিনিস্ট্রেশন অফিসার ও পার্সোনাল অফিসার : ০৬]

**Or,**

**In which of the following countries did the '*Orange Revolution*' take place?** [Jamuna Bank Ltd. MTO : 13]

ⓐ Ukraine ⓑ France ⓒ England
ⓓ Thailand ⓔ None of these **Ans. a**

৩. **Who is the father of '*Green Revolution*'?/ 'সবুজ বিপ্লব' এর জনক কে?** [Pubali Bank Ltd. Senior Officer/ Officer : 11]

ⓐ Norman Jack ⓑ Norman Jackline
ⓒ Norman Pitt ⓓ Norman Borlaug
ⓔ None of them **Ans. d**

Download More PDF @ www.BDNiyog.com

Scanned by CamScanner